
আজকের কাগজ

তারিখ 3-1 DEC-1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

# শিবগঞ্জে বিদ্যালয়ের ছাদ তৈরির ৭৫ হাজার টাকা গণশিক্ষা খাতে ব্যয়

অ.স.ম. আনোয়ার : বগুড়ার শিবগঞ্জ থানার মোলামগাড়ী উচ্চ বিদ্যালয়ে অর্থাভাবে ছাদ দেয়া সম্ভব হচ্ছে না। ফলে একরকম খোলা আকাশের নিচে বিদ্যালয়ের ছাত্রছাত্রিদের পাঠ্যক্রম চালাতে হচ্ছে। জানা গেছে, মাস তিনেক পূর্বে এই বিদ্যালয়ের ছাদ দেয়ার জন্যে থানা নির্বাহী কর্মকর্তা স্থানীয় একটি তহবিল থেকে ৭৫ হাজার টাকা বরাদ্দ দিয়েছিলো। কিন্তু



শিবগঞ্জের মোলামগাড়ি উচ্চ বিদ্যালয়

পরবর্তীতে সমন্বিত উপানুষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রম (গণশিক্ষা)-এর তহবিল না পাওয়ায় মোলামগাড়ি উচ্চ বিদ্যালয়ের জন্যে বরাদ্দকৃত উক্ত ৭৫ হাজার টাকা সেই খাতে ব্যয় হয়। তৎকালীন বগুড়া জেলা প্রশাসক নুরুজ্জামান ভুইয়া এই টাকা গণশিক্ষা খাতে ব্যয়ের নির্দেশ দিয়েছিলেন বলে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান। পরবর্তীতে উক্ত ৭৫ হাজার টাকা পুনর্বরাদ্দের আশ্বাস দেয়া হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি।

ফলে সেই থেকে মোলামগাড়ী উচ্চ বিদ্যালয়টি ছাদবিহীন অবস্থায় দাঁড়িয়ে আছে।